



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১২ মার্চ, ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ১২ মার্চ, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এর আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট-২০১৮ এর শুভ উদ্বোধন করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর বলেন, লেখাপড়ার পাশাপাশি খেলাধুলায় অংশগ্রহণ করা শিক্ষার্থীদের জন্য অপরিহার্য। তবে খেলার সময়ও শিক্ষার্থীসহ সকলকে সততা বজায় রাখতে হবে। কোনভাবেই যাতে শৃঙ্খলা ভঙ্গ না হয় সেব্যাপারে শিক্ষার্থীদের সজাগ থাকতে হবে। প্রতিযোগিতায় উত্তেজনাকর মুহুর্তে প্রতিপক্ষের উপর আক্রমণ করা থেকে বিরত থাকতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের শিক্ষক ও এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্স অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দীন, প্রক্টর জনাব জহীর উদ্দিন আহমদ, শারীরিক শিক্ষা দপ্তরের উপ-পরিচালক চৌধুরী সউদ-বিন আমিয়া এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি (জিইবি) বিভাগ দলের ম্যানেজার সহকারী অধ্যাপক জিয়াউল ফারুক জয় সহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

ফরেস্ট্রি বিভাগ ও জিইবি বিভাগের মধ্যে উদ্বোধনী খেলা অনুষ্ঠিত হয়।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)  
রেজিস্ট্রার